# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Goods

**(Request for Quotation Method)**

১৯৯৭ ইং

ISO 9001:2015 certified

**গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**
**কারারগাতী, গোপালগঞ্জ।**

"গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন জ্ঞাতব্য বিজ্ঞপ্তি সরবরাহের দরপত্র (RFQ) নং- ১২/২০২২-২০২৩"

**প্রশাসন বিভাগ**
**গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**
**কারারগাতী , গোপালগঞ্জ ।**

শেখ হাসিনার উদ্যোগ

**গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**

**কারারগাতী, গোপালগঞ্জ।**

টেলিফোন নং-০২৬৬৮৫৭১৪, ০২৬৬৮৫৫৭৮

E-mail:gopalgonj_pbs@yahoo.com

Web site: www. pbs.gopalganj.gov.bd

ISO-9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২২.৪৪৮৯

তারিখঃ ২৭ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ।
১২ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ ।

বিষয়ঃ- মুদ্রণ সামগ্রী ক্রয় এর জন্য কোটেশন **(RFQ)** প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (দরপত্র নং-১২/২০২২-২০২৩)।

১. গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব তহবিলের আওতায় বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ব্যবহারের বিপরীতে মুদ্রণ সামগ্রী সরবরাহের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট pbs.gopalganj.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে গোপালগঞ্জ পবিস হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে **প্রশিক্ষণ একাডেমী ভবনের নীচতলা বিদ্যমান অভ্যর্থনা কেন্দ্রে** রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ১৭/১১/২০২২খ্রিঃ **তারিখ এবং সময়**-১১:০০ ঘটিকায় কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে "মুদ্রণ সামগ্রী ক্রয় এর জন্য কোটেশন এবং আগামী-১৭/১১/২০২২খ্রিঃ **তারিখ এবং সময়**- বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমুহ ১৭/১১/২০২২খ্রিঃ **তারিখ** বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট pbs.gopalganj.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদপত্র) নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ২১ (একুশ) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৭. মালামাল/আইটেম এর পরিমাণ কম/বেশী হতে পারে এবং নমুনা দরপত্র দাখিল করার পূর্বে অত্র পবিস হতে দেখা যেতে পারে।

১৮. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহবানকারী কমকর্তার স্বাক্ষর
নাম...................................
পদবি.........................................
তারিখ..................................
ঠিকানা............................. ফোন নম্বর.........
ই-মেইল.....................

12/11/22
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) নোটিশ বোর্ডের টানানোর অনুরোধসহ:**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- **(বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)**।
০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা-(ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো।)
০৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০৪। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, গোপালগঞ্জ।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ............................................................. পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, সিষ্টেম অপারেশন ও বিতরণ, বাপবিবো, গোপালগঞ্জ।
০৯। উপজেলা নির্বাহী অফিসার- গোপালগঞ্জ সদর/ কাশিয়ানী/মুকসুদপুর/ টুঙ্গিপাড়া/ কোটালীপাড়া উপজেলা, গোপালগঞ্জ।
১০। ডিজিএম, কাশিয়ানী/ সদর দপ্তর-কারিগরী / মুকসুদপুর/কোটালীপাড়া/ টুঙ্গিপাড়া জোনাল অফিস, গোপবিস।
১১। এজিএম (ওএন্ডএম), টেকেরহাট সাব-জোনাল অফিস, গোপবিস।
১২। এজিএম (অর্থ/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি), গোপবিস।
১৩। এজিএম (আইটি), গোপবিস (ওয়েবসাইটে ও ই-মেইলে প্রকাশের নির্দেশনা প্রদানসহ ই-মেইলে প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের প্রমানক প্রিন্ট করে সংশ্লিষ্ট ফাইলে রাখার জন্য)।
১৪। নোটিশ বোর্ড।

12/11/22
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

প্রতি
জেনারেল ম্যানেজার
গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
কারারগাতী, গোপালগঞ্জ।

কোটেশনের স্মারক নম্বর: ১২/২০২২-২০২৩ তারিখ: ১২/১১/২০২২ খ্রিঃ।
স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২২.৪৪৮৯, তারিখ: ১২/১১/২০২২ খ্রিঃ।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "মুদ্রণ সামগ্রী" সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ------------------------কথায়ঃ-----------------------------

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১২/১১/২০২২খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২১.৪৪৮৯, তারিখঃ-১২/১১/২০২২খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | - | বার্ষিক সাধারণ সভা সংক্রান্ত **সদস্য বিজ্ঞপ্তি** (১০ ইঞ্চি X ৭.৫ ইঞ্চি সাইজ) উন্নতমানের নিউজ প্রিন্ট কাগজে এক পাতার এক পৃষ্ঠা মুদ্রণ (নমুনা মোতাবেক) | টি | ৩,৪০,০০০ | | | | গোপালগঞ্জ পবিস সদর দপ্তর |
| ২ | | নির্বাচন সংক্রান্ত **জ্ঞাতব্য বিজ্ঞপ্তি** (১৫ ইঞ্চি X ১০ ইঞ্চি সাইজ) উন্নতমানের নিউজ প্রিন্ট এ অফসেট ছাপা দুই পাতার উভয় পৃষ্ঠা মুদ্রণ (নমুনা মোতাবেক) | টি | ৯৬,০০০ | | | | |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের **তফশীলে ০২ টি** সংশো**ধন** যথাযথভাবে অনুস্বাক্ষর **করে করা হয়েছে।** আমার/আমাদের প্রস্তাব **১২**/১১/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত **বৈধ** থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: -------------------- |

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী বং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | | বার্ষিক সাধারণ সভা সংক্রান্ত **সদস্য বিজ্ঞপ্তি** | (১০ ইঞ্চি X ৭.৫ ইঞ্চি সাইজ) উন্নতমানের নিউজ প্রিন্ট কাগজে এক পাতার এক পৃষ্ঠা মুদ্রণ (নমুনা মোতাবেক) | | |
| ২ | | নির্বাচন সংক্রান্ত **জ্ঞাতব্য বিজ্ঞপ্তি** | (১৫ ইঞ্চি X ১০ ইঞ্চি সাইজ) উন্নতমানের নিউজ প্রিন্ট এ অফসেট ছাপা দুই পাতার উভয় পৃষ্ঠা মুদ্রণ (নমুনা মোতাবেক) | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: ------------------ |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতার পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) **ক্রয়কারী** পূরণ করবে। **ক্রয়কারীর** প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক **দর প্রদানের** জন্য একসেট **সঠিক** এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের **জন্য** পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার **লক্ষ্যে প্রস্তুত করতে হবে** এবং একইসঙ্গে **ক্রয়তব্য** পণ্য ও **সংশ্লিষ্ট** সেবার **কারিগরি দক্ষতা, দ্রব্যাদি** এবং কার্য-**সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা** করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত **আইটেম , দ্রব্যাদি** এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং **সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি** মডেলের **হবে। তার** নকশা এবং **দ্রব্যাদি**তে সব সাম্প্রতিক **উৎকর্ষ** সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
কারারগাতী , গোপালগঞ্জ

বিষয়ঃ মুদ্রণ সামগ্রীসরবরাহের জন্য কার্যাদেশ ।

ক্রয় আদেশ স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২২.-------------, তারিখঃ-------------------খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর: | তারিখ : --------- |
| প্রতি:<br>--------------------------- | |
| **সরবরাহের** তারিখ: ---------------------- | **ক্রয়াদেশকৃত** পণ্যের মূল্য: টাকা ---------------------- |
| **সরবরাহ** : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ------------ তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষ্যে মুদ্রণ সামগ্রীসরবরাহের নিমিত্তে --------------------টাকার কথায়------------ কাযাদেশ প্রদান করা হল । উল্লিখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।
২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।
৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ------------ দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অং**কে**------------------------------ **[কথায়**---------------- --------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন] ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |